

আলুর বাদামী পঁচা রোগ (*Ralstonia solanacearum*)

রোগ পরিচিতি

আলুর বাদামী পঁচা রোগ *Ralstonia solanacearum* নামক ব্যাকটেরিয়ার কারণে হয়ে থাকে। আক্রান্ত গাছের টিউবার পঁচে যাওয়ার কারণে ফলন মারাত্মকভাবে কমে যায়। পৃথিবী ব্যাপী এ রোগের অসংখ্য বিস্তৃত পোষক রয়েছে- যার মধ্যে আক্রান্ত টিউবার, টমেটো, আগাছা (Bittersweet: *Solanum dulcamara*, Black nightshade: *Solanum nigrum*) অন্যতম। এ রোগ জমিতে পরিত্যক্ত আক্রান্ত টিউবার, আক্রান্ত বীজ আলু, সেচের পানি, আগাছার মাধ্যমে বিস্তার ঘটে থাকে।

রোগের লক্ষণ

গাছের একটি শাখার শেষ প্রান্ত বা শাখার পাতাগুলো প্রথমে নেতিয়ে পড়ে। এ লক্ষণ দিনে যখন গরম থাকে তখন দেখা যায়, আবার রাতে পরিলক্ষিত হয় না। ঢলে পড়া গাছ দ্রুত চুপশে যায়। মাটি থেকে এক ইঞ্চি বা তার চেয়ে উপরে কান্ডে বাদামী আঠালো বিবর্ণতা দেখা যায়। টিউবারে সবসময় বাহ্যিক লক্ষণ প্রকাশ পায় না। আক্রান্ত আলু কাটলে ভিতরে বাদামী দাগ দেখা যায়। আক্রান্ত টিউবারের চোখ ও কান্ডের প্রান্ত থেকে ব্যাকটেরিয়াল ওজ বের হয় এবং অল্প দিনের মধ্যে আলু পঁচে যায়। জমিতে ১৫°-২৭° সে. তাপমাত্রায় এ রোগের প্রকপতা বেশী পরিলক্ষিত হয়।



আক্রান্ত কান্ড ও পাতা



আক্রান্ত টিউবার

সমন্বিত বালাই ব্যবস্থাপনা:

- প্রত্যায়িত (সার্টিফাইড) বীজ ব্যবহার করতে হবে;
- শস্য পর্যায় অবলম্বন করতে হবে;
- ফসলের মাঠ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। সকল ধরণের যন্ত্রপাতি, কন্টেইনার ও গুদামঘর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;
- নিয়মিত জমি পরিদর্শন করতে হবে এবং আক্রান্ত গাছ দেখামাত্র তুলে পুড়ে ফেলতে হবে;
- ফসল সংগ্রহের পর আলু ভালোভাবে গ্রেডিং করে রোগমুক্ত আলু পরিচ্ছন্ন পাত্রে যথানিয়মে সংগ্রহ করতে হবে;
- ফসল সংগ্রহের পর জমির উপর ময়লার স্তপ রাখা যাবে না;
- ফসল সংগ্রহের পর পরিত্যক্ত আগাছা ও ফসলের অবশিষ্টাংশ পুড়ে ফেলতে হবে।

আরো তথ্যের জন্য:

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপ-সহকারী কৃষি অফিসার বা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।